উপজেলা পরিষদ কার্যালয়
চকরিয়া, কক্সবাজার।
www.chakaria.coxsbazar. gov.bd

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০১.০২.০১৭.২৩- ৭০৫ তাং : ১৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের মাসিক সাধারণ সভা।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চকরিয়া উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের 'মাসিক সভা' আগামী ১৩/০৭/২০২৩খ্রি: (রোজ: বৃহস্পতিবার) সকাল: ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তন 'মোহনা'য় অনুষ্ঠিত হবে।

উক্ত তারিখে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :
০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২. গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।
০৩. বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।
০৪. বিবিধ।

(মো: রাহাত উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার (ভা:)
চকরিয়া, কক্সবাজার।
☎ ০৩৪২২-৫৬০৫০

প্রাপক ঃ ..................................................................
..................................................................
..................................................................

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০১.০২.০১৭.২৩- তাং : ১৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪, কক্সবাজার-০১ (চকরিয়া-পেকুয়া)।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার জেলা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
০৮। সংরক্ষণ নথি।

উপজেলা নির্বাহী অফিসার (ভা:)
চকরিয়া, কক্সবাজার।

# উপজেলা পরিষদ

চকরিয়া, কক্সবাজার।

## জুলাই/২০২৩ মাসের পঞ্চম চকরিয়া উপজেলা পরিষদের ৫১(একান্ন)তম উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব ফজলুল করিম,** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন 'মোহনা' চকরিয়া। |
| সভার তারিখ ও সময় | : | ১৩/০৭/২০২৩খ্রি: সকাল : ১১.৩০ ঘটিকা। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় ও তার উপর বিশদভাবে আলোচনান্তে কোনরূপ পরিবর্তন বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর বিভাগ ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা কৃষি অফিস ঃ**<br>**উপজেলা কৃষি অফিসার, চকরিয়া জানান,** আউশ মৌসুমে ১১৬০ হেক্টর আউশ আবাদ হয়েছে। খরিপ-২ মৌসুমে ১৫ হেক্টর আমন বীজতলা হয়েছে। আমন বীজতলা চলমান আছে। চলতি আমন মৌসুমে কৃষি পুর্নবাসন কর্মসূচির আওতায় ১৪০০ কৃষকের মাঝে বীজ ও সার বিতরণ করা হয়েছে এবং ৭০০ পরিবারের মাঝে নারিকেল চারা বিতরণ করা হয়েছে। পরবর্তীতে কৃষি পুর্নবাসন কর্মসূচির আওতায় ১০০ জন কৃষকের মাঝে ০২ কেজি করে হাইব্রীড বীজ বিতরণ করা হয়েছে। গ্রীষ্মকালীন শাকসবজি চূড়ান্ত কর্তন চলমান আছে। শরৎকালীন শাকসবজির আবাদ চলমান আছে। অদ্য তারিখ পর্যন্ত ইউরিয়া ১১৬ মে:টন, টিএসপি ৭ মে:টন, এমওপি ৩৫ মে:টন, ডিএপি ২১ মে:টন মজুদ আছে। বর্তমানে রাসায়নিক সারের কোন সংকট নাই। | আমন আবাদের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, চকরিয়া। |
| ০২. | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ**<br>**উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া জানান,** বিগত ১৪২৭, ১৪২৮, ১৪২৯ ও ১৪৩০ বাংলা সনের হাট বাজার ইজারা লব্দ অর্থ হতে নীতিমালার আলোকে রাজস্ব তহবিলে ২,২১,৩৭,০০০/= টাকা জমা হয়। উক্ত টাকার উপর ইতোমধ্যে ইউপি চেয়ারম্যানগণ হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে। অবশিষ্ট ২,৯৮,৬৩,০০০/- টাকা সহ ৩০ জুন ২০২৩ পর্যন্ত উপজেলা রাজস্ব তহবিলের উদ্বৃত্ত হতে ৫,২০,০০,০০০/- (পাঁচ কোটি বিশ লক্ষ) টাকা উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর করা যাবে। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়াকে অবশিষ্ট ২,৯৮,৬৩,০০০/- টাকার উপর ইউপি চেয়ারম্যানগণ হতে প্রকল্প গ্রহণ করার জন্য বলা হয়। | ১) অবশিষ্ট উদ্বৃত্ত ২,৯৮,৬৩,০০০/- টাকা সহ সর্বমোট রাজস্ব উদ্বৃত্ত ৫,২০,০০,০০০/- (পাঁচ কোটি বিশ লক্ষ) টাকা উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) ইউপি চেয়ারম্যানগণ উপজেলা উন্নয়ন তহবিল (UDF) প্রজেক্টের জন্য (ইজারাকৃত হাট বাজারকে অগ্রাধিকার দিয়ে) প্রকল্প তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।<br>২) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া। |
| ০৩. | **ত্রাণ বিভাগ ঃ**<br>**উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া** জানান, চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অধীনে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় সর্বমোট ১৪৪টি প্রকল্পের বাস্তবায়ন কাজ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। সম্পাদিত কাজের গুনগতমান সন্তোষজনক। তিনি আরো জানান, চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অধীনে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় সর্বমোট ১৭৯টি প্রকল্পের বাস্তবায়ন কাজ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। সম্পাদিত কাজের গুনগতমান সন্তোষজনক। | নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া। |
| ০৪. | **উপজেলা সমাজসেবা অধিদপ্তর ঃ**<br>**উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চকরিয়া** সভাকে জানান, সকল বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা চলমান রয়েছে এবং সকল ভাতা ভোগীর মধ্য লাইভ ভেরিফিকেশনের কার্যক্রম চলছে। যে সকল অস্বচ্ছল প্রতিবন্ধী এখনও জরিপের বাইরে রয়েছে সে সকল প্রতিবন্ধীকে জরিপের কাজ চলমান আছে। | জুলাই/২৩ মাসের মধ্যে ভাতা ভোগীদের লাইভ ভেরিফিকেশন কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চকরিয়া। |

| | | | |
|---|---|---|---|
| ০৫. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ ঃ**<br>**উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া জানান,** ইউনিয়ন ভিত্তিক ইউনিয়ন পরিষদ এবং স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় করে ডেঙ্গু সচেতনতা কার্যক্রম বৃদ্ধি করা। স্বাস্থ্য কমপ্লেক্সের ভেতরের ড্রেইন এবং ময়লার স্তুপ গুলো পৌরসভার মাধ্যমে পরিস্কার ও নিয়মিত তদারকি করা। প্রাতিষ্ঠানিক ডেলিভারী নিশ্চিত করণের জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণের মাধ্যমে ইউনিয়ন ভিত্তিক সচেতনতা কার্যক্রম। হাসপাতালে দালালের দৌরাত্ম কমানোর জন্য সাপ্তাহিক মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা করা। | ১। ডেঙ্গু প্রতিরোধে ইউপি চেয়ারম্যানগণ এলাকায় সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার করবেন।<br>২। স্বাস্থ্য কমপ্লেক্সের ভেতরের ড্রেইন এবং ময়লার স্তুপ গুলো পৌরসভা হতে নিয়মিত পরিষ্কার ও তদারকি করা সিদ্ধান্ত হয়।<br>৩। প্রাতিষ্ঠানিক ডেলিভারী নিশ্চিত করতে ইউপি চেয়ারম্যানগণ এলাকায় প্রচার করবেন।<br>৪। হাসপাতাল রোডে দালালদের দৌরাত্ম বন্ধে স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় করে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।<br>২। মেয়র, চকরিয়া পৌরসভা।<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৪। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া। |
| ০৬. | **খাদ্য বিভাগ ঃ**<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া** জানান, ২০২৩-২০২৪ অর্থ বছর শুরু ভিডব্লিউ খাতে এখনো বরাদ্দ আসেনি। ইউপি খাতে জুলাই/২৩ মাসের সেনা খাত চাল উত্তোলান করেছেন। খোলা বাজারে চাল বিক্রয়ের এপ্রিল/২৩ পর্যন্ত চলমান রয়েছে এবং ইউনিয়ন ভিত্তিক খাদ্য বান্ধব ভোক্তাদের অনুমোদনের কাজ প্রক্রিয়াদিন রয়েছে। চকরিয়া উপজেলাধীন ১ হতে ১৬ জুলাই/২৩ পর্যন্ত লাইসেন্স করার জন্য প্রচার প্রচারনার কাজ চলমান আছে। চিরিংগা খাদ্য গুদামে বর্তমান চাল, গম ও ধানের মজুদের পরিমান চাল (আতপ) ২৫৫.১০৬ মে:টন, চাল (সিদ্ধ) ৩.৯২৭ মে:টন, গম ১৩২.৬৭৪ মে:টন ও ধান ১.৫৬০ মে:টন। | উপজেলায় খাদ্যসামগ্রী মজুদ সংক্রান্ত সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখার সিদ্ধান্ত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া। |
| ০৭. | **উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ**<br>**উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চকরিয়া** জানান, প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় "পুষ্টি ও পরিবেশ সচেতনতা" বিষয়ক প্রশিক্ষণ "লক্ষ্যারচর মন্ডলপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়" এ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে এবং স্কুলের ২১৭ জন ছাত্র-ছাত্রীদের "School Milk Programme" এর আওতায় দুধ বিতরণের লক্ষ্যে "আইডি কার্ড" প্রস্তুত কার্যক্রম চলছে এবং শীঘ্রই অত্র বিদ্যালয়ে সকল ছাত্র-ছাত্রীদের মাঝে দুধ বিতরণ কার্যক্রম শুরু হবে। বিগত কোরবানির সময় উপজেলায় কোরবানির পশুর সংকট হয়নি এবং প্রতিটি পশুর হাটে ভেটেরিনারি মেডিকেল টিম কাজ করেছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | গবাদি পশু, হাঁস-মুরগিসহ অন্যান্য সকল পোষ্য প্রাণীর টিকা ও চিকিৎসা সেবা খামারিদের নিকট সুলভ সরবরাহ নিশ্চিত করার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চকরিয়া। |
| ০৮. | **উপজেলা শিক্ষা অফিস ঃ**<br>**উপজেলা শিক্ষা কর্মকর্তা, চকরিয়া জানান,** জাতীয় শিশু পুররস্কার ২০২২ ও ২০২৩ এর উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। বিজয়ী ১ম স্থান অধিকারীগণের তালিকা জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য যথাসময়ে প্রেরণ করা হবে।<br>তিনি আরো জানান, বন বিভাগ হতে সরবরাহকৃত চারা প্রাথমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের নিমিত্ত বিদ্যালয়ভিত্তিক বন্টন তালিকা নির্ধারণ করা হয়েছে। Whats App এর মাধ্যমে বিদ্যালয় পরিদর্শনের জন্য সকল প্রধান শিক্ষকের Whats App নম্বর সংগ্রহ করা হয়েছে। প্রতি মাসে ৩টি বিদ্যালয় Whats App এর মাধ্যমে পরিদর্শনের বিভাগীয় সিদ্ধান্ত রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | ১। জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য যথাসময়ে বিজয়ীদের তালিকা প্রেরণের সিদ্ধান্ত হয়।<br>২। Whats App এর মাধ্যমে বিদ্যালয় পরিদর্শনের বিভাগীয় সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।<br>৩। বিদ্যালয়ে শিক্ষার মান বৃদ্ধি ও ছাত্রছাত্রীর উপস্থিতির হার বাড়ানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া। |
| ০৯. | **মাধ্যমিক শিক্ষা অফিস ঃ**<br>**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, চকরিয়া সভাকে** জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। অনার্স ও ডিগ্রী পরীক্ষা চলমান। কারিকুলাম প্রশিক্ষন সম্পাদনের জন্য শিক্ষকদের তালিকা সংগ্রহ করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম আরো গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চকরিয়া। |
| ১০. | **উপজেলা সমবায় অফিস ঃ**<br>**উপজেলা সমবায় অফিসার, চকরিয়া** জানান, অত্র উপজেলায় নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ৩৫৬টি, কার্যকর সমিতির সংখ্যা ৩০৫টি অকার্যকর সমিতির সংখ্যা ৫১টি। ২০২২-২৩ অর্থ বছরে অডিট ফি আদায় ১০০%, সিডিএফ আদায় ১০০%। উক্ত টাকা আদায় সাপেক্ষে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে অডিট ফি খাতে ধার্য্য ৭৯৯৮৪/- টাকা, সিডিএফ খাতে ধার্য্য ৩৯৮৯১০/- টাকা। আশ্রয়ন ফেইজ-২ বর্তমান মাসে ঋণ আদায় ৯৫৫০/- টাকা, আশ্রয়ন-২ খাতে বর্তমান মাসে ঋণ আদায় ১১৩৫০/- টাকা। মুজিব শতবর্ষ নির্মিত আশ্রয়ন সমবায় সমিতির সংখ্যা ৫টি। দাপ্তরিক কার্যক্রম চলমান। | নিয়মিতভাবে আশ্রয়ন/ আশ্রয়ন ফেইজ-২ এর ঋণ আদায়ের বিষয়টি জোরদার করণ, সমিতি নিয়মিত পরিদর্শন ও তদারকীর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, চকরিয়া। |

| | | | |
|---|---|---|---|
| ১১. | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>**উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চকরিয়া জানান,** ১৭টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ও মাঠ পর্যায়ের চলমান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিগত মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ৮৭৭৬২ জন। তৎমধ্যে জন্মনিয়ন্ত্রন খাবার বড়ি ব্যবহারকারীর সংখ্যা ৩৩৯৫৮ দম্পতি, কনডম ব্যবহারকারী ৫৩১ দম্পতি, ৩ মাস মেয়াদী ইনজেকটেব্লস ব্যবহারকারী ২১২০৫ দম্পতি, ১০ বছর মেয়াদী IUD ব্যবহারকারী ২১৪৫ দম্পতি, ০৫ বছর মেয়াদী Inplant গ্রহীতা ৫০৪৪ দম্পতি, স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা ৫৬৩৭ দম্পতি। বিগত মাসে ১৬টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে (UH & FWC) স্বাভাবিক প্রসব সেবার সংখ্যা ৩৩১। বিগত মাসে অত্র উপজেলায় গর্ভবতী মায়ের সংখ্যা ৪৭৭৯ জন। তৎমধ্যে ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকালীন সেবা (ANC) দেয়া হয়েছে ১৪০১ জনকে। সাধারণ রোগীকে সেবা দেয়া হয়েছে ৬৭৪২ জন রোগীকে। ১৭টি ইউনিয়ন হাসপাতালে এখন ২৪ ঘন্টা বিনামূল্যে ডেলিভারী সেবা দেয়া হয়। | ১। ইউপি চেয়ারম্যানগণের সভাপতিত্বে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সভা নিয়মিত আয়োজনের সিদ্ধান্ত হয়।<br>২। ইউনিয়ন স্বাস্থ্য ও প: ক: কেন্দ্রে সরবরাহকৃত ঔষধের তালিকা নিয়মিত ইউপি চেয়ারম্যানগণকে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের মাধ্যমে জন্ম নিয়ন্ত্রণ, মা ও শিশুর স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প: প: কর্মকর্তা, চকরিয়া। |
| ১২. | **মহিলা বিষয়ক বিভাগ ঃ**<br>**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চকরিয়া জানান,** এ উপজেলায় ২০২৩-২০২৪ চক্রে ১৮টি ইউনিয়নে ১৪৪৬ জন উপকারভোগীর মাঝে ৩০ কেজি হারে সর্বমোট ৪৩.৩৮ মে:টন ভিডব্লিউবির চাল বিতরণ চলমান। মা ও শিশু সহায়তা তহবিল হতে প্রতিটি ইউনিয়নে ১৩৫ জন করে ১৮টি ইউনিয়নে ও পৌরসভায় ২৭ জন ভাতাভোগী মাসিক ৮০০/- টাকা হারে ভাতা পাচ্ছে। ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ৫০০০/-, ১০০০০/-, ১৫০০০/- ও ২০০০০/- টাকা করে ১২০ জনকে সর্বমোট ১১৯৬০০০/- টাকা জুন/২১ এর পূর্বে বিতরণ করা হয়। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে ১৮টি ইউনিয়ন ও ১টি পৌরসভা সহ মোট ১৯টি ক্লাব রয়েছে। প্রতিটি ক্লাবে ১০ জন কিশোর ও ২০ জন কিশোরী ত্রৈ-মাসিক ভিত্তিতে প্রশিক্ষণ করেন। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | ভিজিডি কর্মসূচি, ক্ষদ্র ঋণ কর্মসূচি, মাতৃত্বকালীন ভাতার কর্মসূচি, বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম সহ দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বলা হল। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চকরিয়া। |
| ১৩. | **মৎস্য বিভাগ ঃ**<br>**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চকরিয়া সভাকে জানান,** আগামী ২৪ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত সারা দেশের ন্যায় চকরিয়া উপজেলাতেও জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপিত হবে। জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে ৭দিন ব্যাপী বিভিন্ন কার্যক্রমের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। উক্ত কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। এ কার্যক্রমে উপজেলা পরিষদ পুকুরে পোনা মাছ অবমুক্তি করা হবে। তাই উপজেলা পরিষদ পুকুর সংস্কার করা প্রয়োজন। সেক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেওয়া প্রয়োজন। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ এর সকল কার্যক্রমে সকলের অংশগ্রহণ আশা করেন। | ১। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ যথাযথ মর্যাদায় পালনরে লক্ষ্যে সকলের অংশগ্রহণ নিশ্চিত করার সিদ্ধান্ত হয়।<br>২। উপজেলা পরিষদ পুকুরে পোনা মাছ অবমুক্তি করতে পুকুর সংস্কার করার সিদ্ধান্ত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চকরিয়া। |
| ১৪. | **যুব উন্নয়ন অধিদপ্তর ঃ**<br>**উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া সভাকে** জানান, ২০২২-২০২৩ অর্থ বছরে ঋণ বিতরণ ৩৩,৭০,০০০/- টাকা, চলমান ঋণ আদায়ের হার ১০০%, প্রশিক্ষণ প্রদান ২১০ জন, ভ্রাম্যমান জান গাড়িতে প্রশিক্ষণ আরম্ভ ৪০ জন, ক্রমপুঞ্জিত ৪৭০৫ জন, যুব সংগঠন রেজি: ৭টি। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম আরো গতিশীল করার ও নিয়মিত মাসিক সভায় অগ্রগিত সম্পর্কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া। |
| ১৫. | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ**<br>**সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চকরিয়া এর প্রতিনিধি জানান,** "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" ২০২২-২০২৩ অর্থ বছরের ইউনিয়নে বরাদ্দ কার্যক্রম শুরু করা হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহে GPS/NNGPS/PEDP-4 প্রকল্পের আওতায় পানির উৎস স্থাপন ও WASH Block নির্মানের জন্য মাঠ পর্যায়ের সকল বিদ্যালয় সমূহে পরিদর্শন ও উপজেলা শিক্ষা অফিসারের সাথে সমন্বয় করে তালিকা প্রণয়ন করা হয়েছে। মুজিব বর্ষের জন্য নির্মিত আশ্রয়ণ প্রকল্প সমূহে পানি উৎস স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। বদরখালী ইউনিয়নের পানির সংকট নিয়ে জেলা কার্যালয় হতে নির্দেশনার প্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থ বছর পর্যন্ত ১৫০টি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। আরো নতুন কার্যক্রম চলমান। বিগত মাসে উক্ত অফিস সরাসরি ২২৫০ জনকে পানি ও স্যানিটেশন সম্পর্কিত টেকনিক্যাল পরামর্শমূলক সেবা দিয়েছে। EMCRP-DPHE এর মাধ্যমে যে সকল Minipiped Water Supply Scheme এর কাজ চলমান সে গুলোর জন্য গঠিত পরিচালনা কমিটির মাধ্যমে পানি সেবার ফি নির্ধারণে আলোচনা হয়। তিনি আরো জানান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর চকরিয়া কার্যালয়ের নতুন নিরাপত্তা বাউন্ডারি ওয়াল নির্মাণের কাজ শুরু করা হবে। | ১। "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" ২০২২-২০২৩ অর্থ বছরের দ্রুত কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সহযোগীতার সিদ্ধান্ত হয়।<br>২। মাস্টার প্ল্যান প্রনয়ন করে উক্ত বিদ্যালয় সমূহের দ্রুত DTW & Wash Block স্থাপনের সিদ্ধান্ত হয়।<br>৩। মুজিব বর্ষের আশ্রয়ণে দ্রুত পানির উৎস স্থাপনের কাজ শেষ করার সিদ্ধান্ত হয়।<br>৪। স্কীম ভিত্তিক আলাদা বৈঠক করে পানি সেবা ফি নির্ধারণের সিদ্ধান্ত হয়। | সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), চকরিয়া। |

| | | | |
|---|---|---|---|
| ১৬. | **পল্লী উন্নয়ন অফিস ঃ**<br>**উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া সভাকে** জানান, দেশকে আমদানি নির্ভরতা থেকে কমিয়ে আনার জন্য আমাদের বিশেষ প্রকল্প অপ্রধান শস্য (ডাল, তেল ও মসলা জাতীয় কৃষি পন্য) প্রকল্পের আওতায় সমিতির ২টি দলকে ৪,৬০,০০০/- টাকার ঋণ সহায়তা প্রদান করা হয়। PRDP-3 প্রকল্পের আওতায় চলমান ৩টি কাজ শেষ হয়েছে এবং নতুন ২টি স্কীমের কাজও শেষ পর্যায়ে আছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম সহ সকল দাপ্তরিক কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া। |
| ১৭. | **বন বিভাগ ঃ**<br>**রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ** সভাকে জানান, অদ্য পর্যন্ত ফাঁসিয়াখালী রেঞ্জের অধীনে মোট ৭টি অভিযান পরিচালনা করা হয়। মোট কাঠ উদ্ধার ২৭ টু: ৩৭.০০ ঘনফুট, গর্জন বল্লী ৬টি, বালী জব্দ ৫৬০০.০ঘনফুট, কুদাল ১টি, বেলচা ১টি, কড়াই ১টি, ইট ৫০টি ও সিমেন্ট ১ বস্তা জব্দ করা হয়। | ছড়া থেকে বালি উত্তোলন, বনভূমির পাহাড় কর্তন ও জবর দখল উচ্ছেদ সহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ। |
| ১৮. | **বন বিভাগ ঃ**<br>**রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ** সভাকে জানান, কাঠ পাচার রোধ এবং বন্যপ্রাণী হত্যা রোধকল্পে টহল জোরদার করা হয়েছে। জুন/২৩ এর অভিযানে P.O.R বন মামলায় ১১ জন আসামীকে অভিযুক্ত করে মামলা দায়ের করা হয়েছে। সর্বমোট মামলা ৯টি, কাঠ জব্দ করা হয় ২০৩.৬০ ঘনফুট, জ্বালানী ২০.০ ঘনফুট, ডাম্পার গাড়ি ২টি। চলতি অর্থবছরের বিভিন্ন প্রকল্পের আওতায় বনায়ন এলাকার চারা রোপণের কাজ চলমান আছে। খুটাখালী বিটস্থ ক্যাশহলা নামক এলাকায় দুষ্কৃতিকারী কর্তৃক গুলিবিদ্ধ হয়ে যে বন্যহাতিটি মারা যায় অদ্যাবধি থানা পুলিশ কর্তৃক কোন আসামী ধৃত করা হয় নাই। এই বিষয়ে আইনগত পদক্ষেপ নেওয়ার জন্য থানা পুলিশ মহোদয়কে অনুরোধ করেন। ফুলছড়ি রেঞ্জাধীন মেধাকচ্ছপিয়া বিট হতে বিবিধ প্রজাতীর (আমলকি, বহেরা, নিম, শাল, অর্জুন, জাম, গর্জন, জারুল, আকাশমনি, সোনালু এবং কড়ই ইত্যাদি) ১২৫০০টি চারা বিতরণ করা হবে। উপজেলা প্রশাসন হতে অতিদ্রুত তালিকা প্রদানের জন্য অনুরোধ করেন। | ছড়া থেকে বালি উত্তোলন, বনভূমির পাহাড় কর্তন ও জবর দখল উচ্ছেদ সহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ। |
| ১৯. | **উপজেলা পরিসংখ্যান অধিদপ্তর ঃ**<br>**উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চকরিয়া এর প্রতিনিধি** জানান, গত ২৬ জুন ২০২৩খ্রি: তারিখ চকরিয়া উপজেলার সরকারি, এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয় ও সমমানের এমপিও ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার ২০২২ সালের বার্ষিক পরীক্ষায় ১ম, ২য় ও ৩য় স্থান অধীকারকালী ৭৮৭ জন মেধাবী শিক্ষার্থীর মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার স্বরূপ জনশুমারি ও গৃহগণনা ২০২২ প্রকল্পে ব্যবহৃত মোবাইল ট্যাবলেট গুলো বিতরণ করা হয়।<br>তিনি আরো জানান, গত ২০ মে ২০২৩ হতে ১৫ জুন ২০২৩ পর্যন্ত দেশব্যাপি আর্থ-সামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ পরিচালিত হয়। চকরিয়া উপজেলাধীন ৩১টি PSU তে CAPI পদ্ধতিতে তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয় এবং গত ২০ জনু ২০২৩ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত দেশব্যাপি খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান ২০২৩ পরিচালিত হয়। চকরিয়া উপজেলার পৌরসভা ও কাকারা ইউনিয়নের ২টি PSU তে CAPI পদ্ধতিতে এ জরিপ তথ্য সংগ্রহ করা হয়। | সকল জরিপ কার্যক্রম যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক সঠিক সময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান কর্মকর্তা, চকরিয়া। |
| ২০. | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ঃ**<br>**আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), চকরিয়া** হতে কার্যপত্র পাওয়া যায়নি। | আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | আবাসিক প্রকৌশলী, (বিদ্যুৎ), চকরিয়া। |
| ২১. | **পল্লী বিদ্যুৎ সমিতি ঃ**<br>**ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, চকরিয়া** হতে কার্যপত্র পাওয়া যায়নি। | আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম,পবিস, জোনাল অফিস, চকরিয়া। |
| ২২. | **আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**<br>**উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, চকরিয়া** হতে কার্যপত্র পাওয়া যায়নি। | আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমন্বয়কারী, আবাআখা ও পল্লী সঞ্চয় ব্যাংক, চকরিয়া। |
| ২৩. | **সড়ক ও জনপথ বিভাগ ঃ**<br>**উপ-সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, চকরিয়া** হতে কার্যপত্র পাওয়া যায়নি। | আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, চকরিয়া। |
| ২৪. | **পানি উন্নয়ন বোর্ড ঃ**<br>**এসও, পানি উন্নয়ন বোর্ড, চকরিয়া** অনুপস্থিত থাকায় কার্যপত্র পাওয়া যায়নি। | আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | এসও, পানি উন্নয়ন বোর্ড, চকরিয়া। |

<table>
<tr><td>২৫.</td><td><u>ইসলামিক ফাউন্ডেশন ঃ</u><br>সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, চকরিয়া জানান, ডেঙ্গু ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জনসাধারণের সাবধানতা অবলম্বে জুম্মার দিন আলোচনার বিষয়ে প্রচার প্রচারণা অব্যাহত রয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>ডেঙ্গু ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জুম্মার খুতবায় ইমাম/খতিবগণ আলোচনা করার সিদ্ধান্ত হয়।</td><td>সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, চকরিয়া।</td></tr>
<tr><td>২৬.</td><td><u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঃ</u><br>স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, চকরিয়া জানান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স চকরিয়া কর্তৃক বিভিন্ন কার্যক্রম অগ্নি দূর্ঘটনা, উদ্ধার, গাড়ী দূর্ঘটনা ও বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে।</td><td>যেকোন দূর্ঘটনায় দ্রুততার সহিত উদ্ধার অভিযান পরিচালনা করা সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, চকরিয়া।</td></tr>
<tr><td>২৭.</td><td><u>উপজেলা তথ্য কেন্দ্র, চকরিয়াঃ</u><br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, চকরিয়া সভাকে জানান, উপজেলা তথ্য কেন্দ্র হতে ৬৫০ জন মহিলাদের ডোর টু ডোর সেবা দেয়া হয় এবং তথ্যকেন্দ্রে আগত ৭৫ জন মহিলাকে তথ্য সেবা, স্বাস্থ্যসেবা এবং অনলাইন সেবা প্রদান করা হয়।</td><td>গ্রামীণ সুবিধাবঞ্চিত নারীদের অধিকার নিয়ে সচেতনতা, বিভিন্ন তথ্য জানা এবং অনলাইন ও তথ্যপ্রযুক্তিতে প্রবেশাধিকার সহ নারী উদ্যোক্তাদের নিয়ে কাজ করার সিদ্ধান্ত হয়।</td><td>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, চকরিয়া।</td></tr>
<tr><td>২৮.</td><td><u>বিসিক, দরবেশকাটা লবণ কেন্দ্র ঃ</u><br>সমন্বয় কর্মকর্তা, বিসিক, দরবেশকাটা লবণ কেন্দ্র, চকরিয়া হতে কার্যপত্র পাওয়া যায়নি।</td><td>আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>সমন্বয় কর্মকর্তা, বিসিক, দরবেশকাটা লবণ কেন্দ্র, চকরিয়া।</td></tr>
<tr><td>২৯.</td><td><u>বিবিধ-০১ ঃ</u><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া, উঃ পঃ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ বিধিমালা মোতাবেক নিম্নবর্ণিত ব্যয় সমূহ পরিশোধের জন্য অনুমোদনের নিমিত্তে উপস্থাপন করেন এবং উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(১) <u>অপ্রত্যাশিত খাত ৩(ঘ) ঃ</u> ঘূর্ণিঝড় মোখা'য় ক্ষতিগ্রস্থ ক) জনাব রিনা আক্তার, পিতাঃ আনু মিয়া, সাং: উলুবনিয়া, ৪নং ওয়ার্ড, ডুলাহাজারা ও খ) জনাব নজরুল ইসলাম, পিতাঃ আমির হোসেন, সাং: ঐ ০২(দুই)টি পরিবারের মাঝে নগদ টাকা ও ঢেউটিন বিতরণ বাবদ চেক প্রদান ৫০,০০০/= টাকা।<br>(২) <u>বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা খাত ৩(ভ) ঃ</u> উপজেলা পরিষদের পুকুরের কচুরিপানা ও চারপার্শ্বের বিভিন্ন আগাছা পরিস্কার বাবদ বিল ২৫,০০০/= টাকা।<br>(৩) <u>বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা খাত ৩(ভ) ঃ</u> উপজেলা পরিষদ কমপ্লেক্সের চারপার্শ্বের আগাছা পরিস্কার বাবদ বিল ২৫,০০০/= টাকা।<br>(৪) <u>বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা খাত ৩(ভ) ঃ</u> উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও চারপার্শ্বের আগাছা পরিস্কার বাবদ বিল ২৫,০০০/= টাকা।<br>(৫) <u>অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত ৩(ঞ) ঃ</u> উপজেলা চেয়ারম্যান কার্যালয়ে নতুন প্রিন্টার সরবরাহ বাবদ বিল ২৫,০০০/= টাকা।<br>(৬) <u>অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত ৩(ঞ) ঃ</u> উপজেলা চেয়ারম্যান কার্যালয়ে কম্পিউটারের যন্ত্রাংশ ক্রয় ও সার্ভিসিং বাবদ বিল ২৫,০০০/= টাকা।<br>(৭) <u>যানবাহন মেরামত ৩(ণ) ঃ</u> উপজেলা চেয়ারম্যানের জীপ গাড়ির যন্ত্রাংশ ক্রয়, চাকা ক্রয় ও সার্ভিসিং বাবদ বিল ১,০০,০০০/= টাকা।</td><td>উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিল সমূহ বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।</td></tr>
<tr><td>২৯.</td><td><u>বিবিধ-০২ ঃ</u><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া সভাকে জানান, উপজেলা পরিষদের কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর (অষ্টম অধ্যায়) বিধি ৪৯ ধারার ২ উপধারা ও অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.১৭১.৩১.০০২.২২-৭৫, তারিখ: ০৭/০৯/২০২২খ্রিঃ এর প্রজ্ঞাপন অনুযায়ী The Contributory Provident Fund Rules 1979 এর Rule 12 বিধান অনুসারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবে অন্তর্ভূক্ত প্রয়েদ ভবিষ্য তহবিল (সিপিএফ) এর মুনাফার হার ১৩% ধার্য হারে উপজেলা পরিষদের নিম্নোক্ত কর্মচারীগণের ২০২২-২০২৩ অর্থ বছরে সুদ বা ইনক্রিমেন্ট উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে চকরিয়া উপজেলা পরিষদ কর্মচারী প্রদেয় ভবিষ্য তহবিলে জমা প্রদানের জন্য সভায় আলোচনা করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম</th><th>পদবী</th><th>বকেয়া সুদ বা ইনক্রিমেন্ট (অর্থ বছর)</th><th>মোট টাকা</th></tr>
<tr><td>০১.</td><td>জনাব ইমাম হোসেন</td><td>সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর</td><td>২০২২-২০২৩</td><td>৬৭,১৮৯/=</td></tr>
<tr><td>০২.</td><td>জনাব ওমর আলী</td><td>গাড়ি চালক</td><td>২০২২-২০২৩</td><td>৫৯,৯৬০/=</td></tr>
<tr><td>০৩.</td><td>জনাব মো: ছৈয়দ আকবর</td><td>অফিস সহায়ক</td><td>২০২২-২০২৩</td><td>৪০,৩৯৫/=</td></tr>
<tr><td>০৪.</td><td>জনাব লিটন কান্তি দাশ</td><td>অফিস সহায়ক</td><td>২০২২-২০২৩</td><td>৪০,৩৯৫/=</td></tr>
<tr><td colspan="4">সর্বমোট=</td><td>২,০৭,৯৩৯/=</td></tr>
</table></td><td>উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীর ২০২২-২০২৩ অর্থ বছরের প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএ) এর সুদ বা ইনক্রিমেন্ট উপজেলা রাজস্ব তহবিল হতে চকরিয়া উপজেলা পরিষদ কর্মচারী প্রদেয় ভবিষ্য তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।</td></tr>
</table>

<table>
<tr>
<td>২৯.</td>
<td>
<u>বিবিধ-০৩ ঃ</u><br>
<u>হাট বাজার সংক্রান্ত ঃ</u><br>
উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া জানান, চেয়ারম্যান, সুরাজপুর-মানিকপুর ইউপি এর আবেদনের প্রেক্ষিতে উপজেলা পরিষদের ইজারাকৃত নিম্নলিখিত বাজার উন্নয়নের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন অনুমোদন ও হাট বাজার রক্ষণাবেক্ষণ তহবিল হতে বাস্তবায়নের জন্য সভাকে অনুরোধ করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দের পরিমান (টাকা)</th></tr>
<tr><td>০১.</td><td>মানিকপুর বাজারের ওয়াশ রুম মেরামত</td><td>২,০০,০০০/=</td></tr>
<tr><td>০২.</td><td>মানিকপুর বাজারের উত্তর পার্শ্বে পানি নিষ্কাশনের জন্য ড্রেইন নির্মাণ</td><td>২,০০,০০০/=</td></tr>
</table>
</td>
<td>প্রাক্কলিত প্রকল্প সমূহ অনুমোদন ও হাট বাজার রক্ষণাবেক্ষণ তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া।</td>
</tr>
<tr>
<td>২৯.</td>
<td>
<u>বিবিধ- ০৪ঃ</u><br>
উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা,২০২০ এর ৩(ক) বিধিমালা অনুসরণ করে প্রকল্প গ্রহণ পূর্বক নিম্নলিখিত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য সভায় আলোচনা করেন।
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দের পরিমান</th></tr>
<tr><td>০১.</td><td>পুরাতন উপজেলা পরিষদ ভবনের ছাদ সংস্কার</td><td>=২,০০,০০০/-</td></tr>
<tr><td>০২.</td><td>পুরাতন উপজেলা পরিষদ ভবন সংস্কার</td><td>=২,০০,০০০/-</td></tr>
<tr><td>০৩.</td><td>পুরাতন উপজেলা পরিষদের টয়লেট সংস্কার</td><td>=২,০০,০০০/-</td></tr>
<tr><td>০৪.</td><td>পুরাতন উপজেলা পরিষদ ভবন রং করণ</td><td>=২,০০,০০০/-</td></tr>
<tr><td>০৫.</td><td>উপজেলা চেয়ারম্যান বাসভবনের রং করণ</td><td>=২,০০,০০০/-</td></tr>
</table>
</td>
<td>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩(ক) বিধিমালা অনুসরণ করে উল্লেখিত প্রকল্প সমূহের প্রাক্কলন প্রস্তুত পূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করে প্রকল্প কমিটির মাধ্যমে প্রকল্প সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া।</td>
</tr>
<tr>
<td>২৯.</td>
<td>
<u>বিবিধ-০৫ঃ</u><br>
উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া, সভাকে জানান, উপজেলা পরিষদ কমপ্লেক্সের পুরাতন ভবনের নিরাপত্তার জন্য ভবনের চারপাশে ক্লোজ সার্কিট ক্যামরা স্থাপন করা প্রয়োজন। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দের পরিমান</th></tr>
<tr><td>০১.</td><td>উপজেলা পরিষদ কমপ্লেক্সের পুরাতন ভবনে ক্লোজ সার্কিট ক্যামরা স্থাপন</td><td>=২,০০,০০০/-</td></tr>
<tr><td>০২.</td><td>উপজেলা পরিষদের নতুন হলরুমে (সুগন্ধা) ক্লোজ সার্কিট ক্যামরা স্থাপন</td><td>=১,০০,০০০/-</td></tr>
</table>
</td>
<td>উক্ত বিষয়ে বিস্তারিত আলোচান্তে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা,২০২০ এর ৩(প) বিধিমালা অনুসরণ করে প্রাক্কলন প্রস্তুত পূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া।</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(ফজলুল করিম)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চকরিয়া, কক্সবাজার।

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০০.০০.২০২৩-৭৩৮(১)

তারিখ : ১৩/০৭/২০২৩খ্রি:

<u>অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল।</u>

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, কক্সবাজার-১।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪. জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫. পুলিশ সুপার, কক্সবাজার।
০৬. সিভিল সার্জন, কক্সবাজার।
০৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কক্সবাজার।
০৮. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কক্সবাজার।
০৯. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কক্সবাজার।
১০. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

<u>জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ</u>
জনাব ..................................... চকরিয়া, কক্সবাজার।


**(মো: রাহাত উজ জামান)**
উপজেলা নির্বাহী অফিসার (ভা:)
চকরিয়া, কক্সবাজার।
☏ ০৩৪২২-৫৬০৫০
✉ unochakaria2@gmail.com

২৬/০৭/২০২৫ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত জুলাই/২০২৫ মাসের পঞ্চম উপজেলা পরিষদের

৫৫তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্র:নং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মাকসুদুল হক চুটু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া | 01820-347354 | [signature] |
| ০২. | জনাব [illegible] হক [illegible], মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া | 01821-573750 | [signature] |
| ০৩. | মোহাম্মদ আমির হোসেন, [illegible], ইসলামিক ফাউন্ডেশন | 01818368163 | [signature] |
| ০৪. | [illegible] UWAO | 01716598626 | [signature] |
| ০৫. | শিমুল কান্তি (F.S) উপজেলা সমাজসেবা কার্যালয় | 01553703750 | [signature] |
| ০৬. | [illegible] (ল্যাব) [illegible] ও [illegible] চকরিয়া | 01812-699571 | [signature] |
| ০৭. | [illegible], উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চকরিয়া, কক্সবাজার। | 01814-782836 | [signature] |
| ০৮. | মো: [illegible] ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, [illegible] | 01837350223 | [signature] |
| ০৯. | [illegible], UEO, চকরিয়া | 01819-895454 | [signature] |
| ১০. | টুম্পা রানী নাথ, তথ্যসেবা কর্মকর্তা (অ:দা:) | 01313704580 | [signature] |
| ১১. | নুরুল কবির, SI, উপজেলা পরিসংখ্যান অফিস | 01815226353 | [signature] |
| ১২. | [illegible] | 01864657572 | [signature] |
| ১৩. | মো: মাহফুজুর রহমান, সহ: রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ | 01818972947 | [signature] |

২৬/০৭/২০২৫ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত জুলাই/২০২৫ মাসের পঞ্চম উপজেলা পরিষদের ০৯তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্র:নং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৪. | মোঃ আবদুল মতিন<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার | 01917890369 | |
| ১৫. | [illegible]<br>চেয়ারম্যান [illegible] | 01715879000 | |
| ১৬. | মোহাম্মদ আবু বক্কর<br>[illegible]<br>উপজেলা আওয়ামী লীগ | 01718-549955 | |
| ১৭. | [illegible] | 01716259495 | |
| ১৮. | মেহরাজ উদ্দিন<br>চেয়ারম্যান, ২নং [illegible] | 01912530167 | |
| ১৯. | [illegible]<br>চেয়ারম্যান<br>[illegible] | 01813-900097 | |
| ২০. | [illegible] চৌধুরী<br>চেয়ারম্যান [illegible] | 01857725246 | |
| ২১. | [illegible]<br>চেয়ারম্যান, [illegible] | 01822213984 | |
| ২২. | মোঃ মুজিবুর রহমান<br>প্যানেল চেয়ারম্যান<br>৪নং [illegible] | 01853137627 | |
| ২৩. | মোহাম্মদ মনিরুজ্জামান<br>UEO (অতিঃ দাঃ)<br>উপজেলা শিক্ষা অফিস | 01817769909 | |
| ২৪. | [illegible]<br>[illegible]<br>[illegible] | 01706-555353 | |
| ২৫. | Bidhan Kanti Rudra<br>UFPO, | 01819724280 | |
| ২৬. | মোঃ [illegible] উদ্দিন<br>প্যানেল চেয়ারম্যান<br>[illegible] ইউনিয়ন পরিষদ | 01812222228 | |

২৬/০৭/২০২৫ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত জুলাই/২০২৫ মাসের পঞ্চম উপজেলা পরিষদের

৫২তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্র:নং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৭. | এম,এম ইফতেখারুল আলম প্রি.অফি., চর এলাহী | 01706555353 | |
| ২৮. | মোহাম্মদ জুলফিকার চেয়ারম্যান, চরহাজারী | 01885-656333 | |
| ২৯. | ... উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01813689893 | |
| ৩০. | আবুল কালাম, বিট কর্মকর্তা ... বিট, ... (রেঞ্জ) | 01818109883 | |
| ৩১. | মোঃ হাসানুল ইসলাম ভাদর, চেয়ারম্যান, মুছাপুর ইউপি | 01819-037575 | |
| ৩২. | আবু ... মোহাম্মদ পোঃ নির্বাহী কর্মকর্তা ... পৌরসভা | 01711-245313 | |
| ৩৩. | নিখিল দাস সহকারী জেনারেল ম্যানেজার কোম্পানীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি | 01846821505 | |
| ৩৪. | ... চেয়ারম্যান ... | 01710819772 | |
| ৩৫. | মোঃ জামাল মুন্সি SAE(SO), BWDB, | 01762620330 | |
| ৩৬. | মোঃ আবু হাসনাত সরকার P.I.O কোম্পানীগঞ্জ | 01726-976958 | ২৬-০৭-২০২৫ |
| ৩৭. | নবী হোসেন চৌধুরী চেয়ারম্যান, ... | 01743920156 | ২৬.০৭.২০২৫ |
| ৩৮. | মোঃ ফারহান তানজিম SUFO উপজেলা মৎস্য দপ্তর | 01718927656 | |
| ৩৯. | ডা. মোহাম্মদ আরিফ উদ্দিন ULO উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | 01719-142295 | ২৬/০৭/২৫ |

২৬/০৭/২০২৫ খ্রি: তারিখ অনুষ্ঠিত জুলাই/২০২৫ মাসের পঞ্চম উপজেলা পরিষদের
৫১ তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্র:নং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৪০ | এ.এম. নাসিম হোসেন<br>UAO<br>উপজেলা কৃষি অফিসার | ০১৮৫৫৫৮২১৬৬ | [signature] |
| ৪১ | মো: নজরুল ইসলাম<br>USEO | ০১৭১২৭৮৪৬০৮০ | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |